

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.০৬৫.৩৩.০১১.০৮-১৫৪ (৭২)

তারিখ : ১১/০৬/২০১৩।

বিষয়ঃ সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা ২০১৩ প্রসঙ্গে।

সূত্র : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং- ৪৭.০৩২.০২২.০০১.২০১১/৪২৭, তারিখ : ৩০/৫/১৩।



উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা ২০১৩ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা ২০১৩ মোতাবেক ষাঠ পর্যায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্ত : বর্ননামতে ০২ (দুই) পাতা।

প্রতি,

- ১। অধ্যক্ষ
বাংলাদেশ সমবায় একাডেমী
কোটবাড়ী, কুমিল্লা।
- ২। যুগ্মনিবন্ধক ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
- ৩। জেলা সমবায় কর্মকর্তা (সকল).....

মেহেবুবুর


(মোঃ সাইদুজ্জামান)
অতিরিক্ত নিবন্ধক (অডিট ও আইন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।


সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা-২০১৩

সমবায় সমিতি নিবন্ধনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে 'সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা-২০১৩' শিরোনামে জারি করা হলোঃ

- ১। সমবায় সমিতি নিবন্ধনের জন্য সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৫ নং বিধিমাতে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ২। আবেদনে সমবায় সমিতি বিধিমালা/০৪ এর (৩) বিধিমাতে সমিতির প্রকারভেদের উল্লেখ করতে হবে।
- ৩। আবেদনের সঙ্গে সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৫ (২) বিধিমাতে নিবন্ধন ফি বাবদ জমাকৃত ট্রেজারী চালান দাখিল করতে হবে।
- ৪। আবেদনের সঙ্গে দাখিলকৃত দলিল/কাগজপত্রাদির ফটোকপি/অনুলিপি ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সমবায় অধিদপ্তরের সংশ্লিষ্ট সহকারী পরিদর্শক ও তদুর্ধ্ব কর্মকর্তাও এরূপ কাগজপত্র সত্যায়িত করতে পারবেন।
- ৫। সমিতির সদস্য হওয়ার জন্য জাতীয়তা সনদ অথবা নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং আবেদনকারীকে সমিতির কর্মএলাকার বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্যের নিকট হতে সংগৃহীত সনদ দাখিল করিতে হইবে।
- ৬। সিটি কর্পোরেশন/পৌরসভার আওতাভুক্ত সমবায় সমিতির ক্ষেত্রে সমবায় সমিতির অফিসের নিজস্ব মালিকানা অথবা ভাড়া সম্পর্কে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রত্যায়নকৃত হতে হবে। ইউনিয়ন পরিষদের আওতাভুক্ত সমিতির ক্ষেত্রে সমিতির ঠিকানা অথবা মালিকানা অথবা ভাড়া সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্য কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ভাড়ায় ব্যবহৃত অফিসের ক্ষেত্রে ভাড়া সংক্রান্ত চুক্তিনামার সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৭। আবেদনে ফুইড ব্যবহার বা কাটাকাটি করা যাবে না।

২০১৩

- ৮। আবেদনের সঙ্গে সংযুক্ত প্রস্তাবিত সমিতির জমা-খরচ বিবরণীমতে সদস্যদের নিকট হতে আদায়কৃত শেয়ার ও সঞ্চয় আমানত খাতের তালিকা এবং হস্তমজুদ সংরক্ষণ বিষয়ে সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক প্রত্যয়ন থাকতে হবে।
- ৯। আবেদন ফরমে উল্লিখিত আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম ও ঠিকানা সমিতির উপ-আইন ও জাতীয়তা/নাগরিকত্ব সনদে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম ও ঠিকানার সঙ্গে মিল থাকতে হবে।
- ১০। প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা এবং কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের প্রশাসনিক এলাকার বাহিরে কর্ম এলাকা নির্ধারণ করে নিবন্ধন করা যাবেনা।
- ১১। আবেদনের সঙ্গে প্রয়োজনীয় কাগজপত্র না থাকলে আবেদন দাখিলের ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে আবেদনকারীকে বিষয়টি অবহিত করতে হবে। প্রয়োজনীয় সকল কাগজপত্র পাওয়ার পর আইনের ১০ (২) ধারা অনুযায়ী নিবন্ধন কর্মকর্তা নিবন্ধনের আবেদন নিষ্পত্তি করবেন।
- ১২। সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ১২ (১) বিধিমেতে একই কর্ম এলাকায় একই নামে অন্য সমবায় সমিতি নেই-এ মর্মে নিবন্ধনকারী নিশ্চিত হয়ে নিবন্ধন করবেন।
- ১৩। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এবং নিবন্ধনের সার্কুলার মোতাবেক সমিতির উপ-আইন প্রণীত হয়েছে অথবা অধিদপ্তর কর্তৃক প্রণীত ও প্রকাশিত মডেল উপ-আইন অনুযায়ী তা প্রণীত হয়েছে-এ মর্মে নিবন্ধনকারী নিশ্চিত হয়ে নিবন্ধন করবেন।
- ১৪। সমিতি নিবন্ধনের পর সমিতির নিবন্ধন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র নিবন্ধনকারী সংরক্ষণ করবেন।

(স্বাক্ষর)
২০/০৮/১৩